# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৭৬২

পর্ব-১৮: প্রশাসন ও বিচারকার্য (كتاب الإمارة والقضاء)

পরিচ্ছেদঃ ৪. প্রথম অনুচ্ছেদ - বিচারকার্য এবং সাক্ষ্যদান

بَابُ الْأَقْضِيَةِ وَالشَّهَادَاتِ

## আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ أَبْغَضَ الرِّجَالِ إِلَى اللَّهِ الْأَلَدُّ الْخَصِمُ»

## বাংলা

৩৭৬২-[৫] ’আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ তা’আলার নিকট সবচেয়ে নিকৃষ্ট লোক হলো অতিমাত্রায় ঝগড়াটে, অর্থাৎ বেশী বেশী সর্বদা ঝগড়া করে। (বুখারী ও মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ২৪৫৭, মুসলিম ২৬৬৮, নাসায়ী ৫৪২৩, তিরমিযী ২৯৭৬, আহমাদ ২৪২৭৭, সহীহাহ্ ৩৯৭০, সহীহ আত্ তারগীব ১৪২।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: أَلَدُّ الْخَصِمُ ‘‘আলাদ্দুল খসিম’’ শব্দটির অর্থ চরম বিতার্কিক যার সাথে কেউ তর্ক করে পারে না। কুরআনে মাজীদে সূরা আল বাকারা-এর ২০৪ নং আয়াতে এসেছে, এ শ্রেণীর লোকের আলোচনা মহান আল্লাহ বলেন, অর্থাৎ ‘‘মানুষের মধ্যে এক শ্রেণীর মানুষ রয়েছে যার কথা খুবই চমৎকার এবং অন্তরের বিষয় সম্পর্কে আল্লাহকে সাক্ষী মানে আর সে হচ্ছে সবচেয়ে বড় বিতার্কিক।’’

অত্র হাদীসটির সমর্থনে তাম্মাম মু‘আয বিন জাবাল থেকে আরো একটি হাদীস বর্ণনা করেছেন যেখানে বলা হয়েছে,

أَبْغَضُ الْخَلْقِ إِلَى اللّٰهِ مَنْ آمَنَ، ثُمَّ كَفَرَ অর্থাৎ সর্বনিকৃষ্ট সৃষ্টি আল্লাহর নিকটে সে যে ঈমান আনয়ন করলো,

তারপর কাফির হয়ে গেল।

অত্র হাদীসটিতে মুখের জোর খাটিয়ে অন্যের হক মারাকে কুফরী হিসেবে আখ্যা দেয়া হয়েছে।

‘উকায়লী ও দায়লামী ‘আয়িশাহ্ (রাঃ) থেকে বর্ণনা করেন,

أَبْغَضُ الْعِبَادِ إِلَى اللّٰهِ مَنْ كَانَ ثَوْبَاهُ خَيْرًا مِنْ عَمَلِه أَنْ تَكُونَ ثِيَابُه ثِيَابَ الْأَنْبِيَاءِ وَعَمَلُه عَمَلَ الْجَبَّارِينَ

অর্থাৎ আল্লাহর নিকট সর্বাধিক নিকৃষ্ট বান্দা সে যার বাহির ভিতরের চেয়ে ভালো, তার কাপড় নাবীদের আর ‘আমল যালিমদের।

অত্র হাদীস থেকে বুঝা যায়, অন্যায়ভাবে মুখের জোর খাটিয়ে মানুষের হক মেরে খেলে কিয়ামতে কঠিন পরিস্থিতির স্বীকার হতে হবে। আল্লাহ সবাইকে হিফাযাত করুন। আমীন। (ফাতহুল বারী ৫ম খন্ড, হাঃ ২৪৫৭; শারহে মুসলিম ১৬শ খন্ড, হাঃ ২৬৬৮; তুহফাতুল আহওয়াযী ৭ম খন্ড, হাঃ ২৯৭৬; মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69089

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন